

বাংলাদেশ নির্বাচন কমিশন

রিটার্নিং অফিসার

ও

উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়

লক্ষীছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

“গণ বিজ্ঞপ্তি”

যেহেতু, জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি কর্তৃক স্মারক নং-১৭.০৩.৪৬০০.০০০.৪১.০৪৪.১৯-১৩৪, ১৮ জুন ২০১৯ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী খাগড়াছড়ি জেলার লক্ষীছড়ি উপজেলার লক্ষীছড়ি ইউনিয়নের, ০৩ নং সংরক্ষিত আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচীর প্রজ্ঞাপন জারী করা হইয়াছে।

এক্ষণে, যেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি কিরণ বিকাশ চাকমা, উপজেলা নির্বাচন অফিসার, লক্ষীছড়ি, খাগড়াছড়ি ও রিটার্নিং অফিসার

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য খাগড়াছড়ি জেলার লক্ষীছড়ি উপজেলার লক্ষীছড়ি ইউনিয়নের, ০৩ নং সংরক্ষিত আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচী নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছিঃ

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	৩০ জুন ২০১৯ (রবিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০২ জুলাই ২০১৯ (মঙ্গলবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০৯ জুলাই ২০১৯ (মঙ্গলবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	২৫ জুলাই ২০১৯ (বৃহস্পতিবার)

আমি আরও জানাইতেছি যে, আগামী ১৯ জুন ২০১৯ তারিখ হইতে ৩০ জুন ২০১৯ তারিখ (রবিবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯:০০টা হইতে বিকাল ৫:০০টা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের সংরক্ষিত আসনের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, লক্ষীছড়ি, খাগড়াছড়ি) মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

স্থানঃ উপজেলা নির্বাচন অফিসার এর কার্যালয়, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।

তারিখঃ ১৮ জুন ২০১৯ খ্রিঃ

(কিরণ বিকাশ চাকমা)

উপজেলা নির্বাচন অফিসার

লক্ষীছড়ি, খাগড়াছড়ি

ও

রিটার্নিং অফিসার

ইউনিয়ন পরিষদ

সংরক্ষিত ওয়ার্ডের উপ নির্বাচন-২০১৯

তারিখঃ ১৮ জুন ২০১৯খ্রিঃ

স্মারক নং- ১৭.০৩.৪৬০০.০০০.৪১.০১৫.১৯- ৪৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম।
- ৪। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
- ৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি।
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৭। পুলিশ সুপার, খাগড়াছড়ি।
- ৮। জেলা নির্বাচন অফিসার, খাগড়াছড়ি।
- ৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ১১। অফিসার ইনচার্জ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ১৩। জেলা তথ্য অফিসার, খাগড়াছড়ি। উক্ত সময় সূচীর বিজ্ঞপ্তি ইউনিয়ন পরিষদে প্রচারের কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হল।
- ১৪। উপজেলা আনসার ও ডিডিপি অফিসার, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ১৫। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, লক্ষীছড়ি, খাগড়াছড়ি।
- ১৬। সভাপতি/সম্পাদক, লক্ষীছড়ি প্রেস ক্লাব, খাগড়াছড়ি।
- ১৭। অফিস নথি।

উপজেলা নির্বাচন অফিসার

লক্ষীছড়ি, খাগড়াছড়ি

ও রিটার্নিং অফিসার,

ইউনিয়ন পরিষদ উপ নির্বাচন-২০১৯